



ভর্তি বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তর, ময়মনসিংহ জেলা কার্যালয় কর্তৃক পরিচালিত নিম্নোক্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির নিমিত্ত ১৮-৩৫ বছর বয়সী বেকার যুবক ও যুব মহিলাদের নিকট থেকে নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণ পূর্বক অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

নং	ট্রেডের নাম	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা	দরখাস্ত জমাদানের শেষ তারিখ	সাক্ষাৎকারের স্থান, তারিখ ও সময়	ফলাফল প্রকাশের তারিখ	ভর্তি/প্রশ্ন শুরুর তারিখ	কোর্স ফি
০১	মৎস্য চাষ	অষ্টম শ্রেণী পাশ	০১ মাস	২৫ জন	২৯-১০-২৩খ্রিঃ	জেলা যুব প্রশিক্ষণ কেন্দ্র, টাউন হল মোড় ৩০-১০-২৩খ্রিঃ সকাল-১০.০০	৩১-১০-২৩খ্রিঃ	০১-১১-২৩খ্রিঃ	৫০/- (প্রতি কোর্সে)


দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপ:

- ০১। ভর্তি নিমিত্ত আবেদনের জন্য অনলাইনে <https://dyd.nise.gov.bd/courses> লিংকে গিয়ে আবেদন করতে হবে এবং আবেদনপত্র সার্কিট হাউজ রোড, মুক বধির বিদ্যালয়ে অবস্থিত প্রশিক্ষণ কেন্দ্রের সংশ্লিষ্ট ট্রেডে জমা দিতে হবে।
 - ০২। আবেদনপত্র স্ব-স্ব জেলার উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর বরাবর করতে হবে।
 - ০৩। প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষাদের ক্ষেত্রে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে (মুক্তিযোদ্ধার পোষ্য প্রমাণক সনদ দাখিল সাপেক্ষে)।
 - ০৪। দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধী, অটিষ্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষনসহ কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে (প্রমাণক সনদ দাখিল সাপেক্ষে)।
 - ০৫। যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
 - ০৬। আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি (সত্যায়িত) (খ) জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্রের ছায়ালিপি (সত্যায়িত), (গ) বেকারত্বের সনদ (ঘ) সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
 - ০৭। সাক্ষাৎকার ও মনোনয়ন কালে মূল সনদপত্র সমূহ সংগে আনতে হবে।
 - ০৮। সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।
 - ০৯। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। ভর্তি ফিঃ (অফেরৎযোগ্য)।
 - ১০। বর্ণিত ট্রেড/কোর্সটি অনাবাসিক ভাবে পরিচালিত হবে।
 - ১১। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
 - ১২। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
 - ১৩। প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।
 - ১৪। ভর্তিকৃত প্রশিক্ষণার্থীগণ প্রতিদিন উপস্থিতি স্বাপেক্ষে ১০০/- (একশত) টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।
- বিঃদ্রঃ যুব উন্নয়ন অধিদপ্তর, ময়মনসিংহ জেলা হতে পূর্বে কোন প্রশিক্ষণ গ্রহন করে থাকলে তাহার আবেদন করার প্রয়োজন নেই। আবেদন করলেও তা বাতিল বলে গণ্য হবে।


(মোঃ হারুন-অর-রশীদ)
উপ পরিচালক


অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ০১। পরিচালক (.....) / প্রকল্প পরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, ময়মনসিংহ।
- ০৪। জেলা পর্যায়ের কর্মকর্তা (সকল)..... ময়মনসিংহ।
- ০৫। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, ময়মনসিংহ।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল) ময়মনসিংহ।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অত্র কোর্সের ট্রেড প্রধান।
- ০৯। অফিস কপি/মাষ্টার ফাইল/গার্ড ফাইল।


সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
ময়মনসিংহ।
